গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.০৬.০০২.১৬(পার্ট-০৩) ২০৫ তারিখ: ১৯/০৯/১৪২৯ বঙ্গাব্দ
০৩/০১/২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: <u>০১ ডিসেম্বর ২০২২ খ্রিঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে অনুষ্ঠিত মহাপরিচালক মহোদয়ের দরবারের কার্যবিবরণী:</u>**

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মাইন উদ্দিন, বিএসপি (বার), এনডিসি, পিএসসি, জি, এমফিল মহোদয় দরবারে উপস্থিত হলে তাঁকে গার্ড অব অনার প্রদান করা হয়। সশ্রদ্ধ অভিবাদন জ্ঞাপন করে মহাপরিচালক মহোদয়ের নিকট দরবার হস্তান্তর করেন অধিদপ্তরের পরিচালক (অপাঃ ও মেইনঃ) জনাব লেফটেন্যান্ট কর্নেল জিল্লুর রহমান, পিএসসি।

০২। পবিত্র ধর্মগ্রন্থ আল-কোরান ও গীতা থেকে পাঠ-এর মাধ্যমে দরবার শুরু হয়। মহাপরিচালক মহোদয় দরবারে অংশগ্রহণকারী কর্মকর্তা ও কর্মচারীদের স্বাগত জানিয়ে তাঁর বক্তব্য শুরু করেন। বক্তব্যের প্রারম্ভে তিনি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। এরপর তিনি জাতীয় ৪ নেতা, মহান মুক্তিযুদ্ধের সকল শহীদ ও বীর মুক্তিযোদ্ধা এবং ১৫ আগস্ট জাতির পিতা ও পরিবারের অন্যান্য শাহাদত বরণকারী সদস্যসহ চট্টগ্রামের সীতাকুন্ড উপজেলার কদমরসূল শীতলপুর গ্রামে বিএম কনটেইনার ডিপোতে ভয়াবহ অগ্নিকান্ডে এ বিভাগের যে সকল কর্মকর্তা ও কর্মচারী অগ্নিনির্বাপণের সময় শাহাদত বরণ করেছেন তাদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন।

০৩। এ বিভাগকে উন্নত করণের লক্ষ্যে বিভাগের প্রশাসনিক, অপারেশনাল, উন্নয়ন ও প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে বাস্তব ভিত্তিক দিক নির্দেশনামূলক বক্তব্য উপস্থাপন করেন এবং এই উন্নয়ন কাজে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিক কৃতজ্ঞতা জানান। ভবিষ্যতেও তাঁকে একইভাবে সহযোগিতা করবেন বলে তিনি আশা প্রকাশ করেন।

০৪। বিস্তারিত বক্তব্যের পর মহাপরিচালক মহোদয় দরবারে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ প্রদান করেন:

| ক্র. নং | বিষয় | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | কর্মকর্তা/কর্মচারীদের হজ পালন বিষয়ে আলোচনা | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরাধীন কর্মকর্তা/কর্মচারীদের ধর্ম মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনের প্রেক্ষিতে এ বিভাগ হতে প্রতিবছর ২০জন করে পবিত্র হজ পালনের জন্য হজ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এবং হজ্ব পালনে ইচ্ছুক কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে আবেদন এ অধিদপ্তরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; | পরিচালক (সকল) ও উপপরিচালক (সকল) |
| ২. | অফিসের সিভিল স্টাফদের পদোন্নতির ব্যবস্থা, জনবল বৃদ্ধি ও বেতনগ্রেড পরিবর্তন | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সিভিল স্টাফদের উচ্চমান সহকারী/উচ্চমান সহকারী কাম ক্যাশিয়ার/হিসাবরক্ষক/হিসাবরক্ষক কাম ক্যাশিয়ার/পরিসংখ্যান সহকারী এবং অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদগুলোকে মন্ত্রণালয়ের আদলে প্রশাসনিক কর্মকর্তা পদে পদোন্নতি প্রদানের বিষয়ে আলোচনা করা হয়; | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ৩. | আজীবন রেশন প্রদান | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারীদের আজীবন রেশন প্রদানের লক্ষ্যে ইতোমধ্যে প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অনুমোদনের জন্য যোগাযোগ করতে হবে; | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ৪. | বদলি বিষয়ে আলোচনা | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরাধীন সকল কর্মকর্তা ও কর্মচারীদের নিজ উপজেলা হতে একশত কিলোমিটারের মধ্যে বদলি করা যাবে না এবং যেসকল কর্মকর্তা/ কর্মচারী দীর্ঘদিন যাবত একই কর্মস্থলে কর্মরত আছেন তাদের বদলীর ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়; | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ৫. | এমআই সেন্টার | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের ৯টি স্থানে এমআই সেন্টার স্থাপনের নিমিত্ত সকল কর্মকর্তা ও কর্মচারীদের স্বামী/স্ত্রী, সন্তানদের ফ্রি চিকিৎসা এবং তাদের পিতা মাতার ক্ষেত্রে ১০ টাকা সার্ভিস চার্জ এ চিকিৎসার ব্যবস্থা করতে হবে; | পরিচালক (সকল) |
| ৬. | নতুন ফায়ার স্টেশন নির্মাণ ও বিল্ডিং স্থাপন | নতুন ফায়ার স্টেশন নির্মাণের ক্ষেত্রে ১.৫ একর জমি না পাওয়া গেলে স্টেশন নির্মাণ না করাসহ প্রতিটি ফায়ার স্টেশনে পাঁচতলা ভিত্তি বিশিষ্ট ভবন নির্মাণ করতে হবে এবং বিশেষায়িত স্টেশন নির্মাণের ক্ষেত্রে ২.০০ একর জমি অধিগ্রহণের উদ্যোগ নিতে হবে; | পরিচালক (সকল) |
| ৭. | প্রশিক্ষণ প্রদান | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরাধীন সকল ওয়ার্কসপ স্টাফদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ এবং ইউনিফরম, ক্যাপ, বেল্ট ও হাই এ্যাংগেল বুট সরবরাহের ব্যবস্থা করতে হবে; | পরিচালক (পঃ উঃ প্রঃ) |
| ৮. | আবাসিক ভবন নির্মাণ | ঢাকা মাওয়া সড়ক সংলগ্ন এলাকায় জমি অধিগ্রহণপূর্বক কর্মকর্তা ও কর্মচারীদের জন্য আবাসিক ভবন নির্মাণের সিদ্ধান্ত গৃহিত হয়। এ ছাড়াও প্রাথমিক ভাবে দুইটি ১২(বার) তলা ভবন মিরপুর ও সদরঘাটে নির্মাণের জন্য ডিপিপি তৈরি করা হয়েছে; | পরিচালক (পঃ উঃ প্রঃ) |

| | | | |
|---|---|---|---|
| ৯. | নার্সিং এ্যাটেনডেন্ট এর প্রশিক্ষণের ব্যবস্থা | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরাধীন নার্সিং এ্যাটেনডেন্টদের প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; | পরিচালক (পঃ উঃ প্রঃ) |
| ১০. | কোয়ার্টার বিষয়ে আলোচনা | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরাধীন সকল কর্মচারীদের গণপূর্ত অধিদপ্তরের সরকারি কোয়ার্টার পাওয়ার জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের প্রেক্ষিতে মন্ত্রণালয় থেকে গণপূর্ত বিভাগকে পত্র দেয়া হয়েছে; | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ১১. | হাসপাতাল বিষয়ে আলোচনা | এ বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারীদের চিকিৎসা সুবিধা প্রদানের নিমিত্ত ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স মিরপুর, ঢাকায় নির্মিত বার্ন ইউনিট হাসপাতালকে জেনারেল হাসপাতালে পরিবর্তণের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে; | পরিচালক (সকল) |
| ১২. | মহাপরিচালক মহোদয়ের সাথে সাক্ষাত | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরাধীন সকল কর্মকর্তা ও কর্মচারীগণ প্রয়োজনে অনুমতি সাপেক্ষে যেকোন সময় মহাপরিচালক মহোদয়ের সাথে সাক্ষাত করতে পারবেন; | পরিচালক (সকল) |
| ১৩. | অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের বিষয়ে আলোচনা | এ অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের উপর অর্পিত দায়িত্ব সঠিক ও সুন্দরভাবে পালনের নিমিত্ত নির্দেশনা প্রদান করা হয়; | পরিচালক (সকল) |
| ১৪. | ওয়েলফেয়ার ট্রাস্টের কার্যক্রম | মাননীয় প্রধানমন্ত্রীর তহবিল থেকে ফায়ার সার্ভিস ওয়েলফেয়ার ট্রাস্টকে বিশ কোটি টাকা অনুদান প্রদান করেছেন এবং সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি ট্রাস্টের মাসিক সভায় অলোচনা ও সিদ্ধান্তসমূহ কার্যবিবরণীতে অন্তর্ভুক্ত করতে হবে; | পরিচালক (সকল) ও ব্যবস্থাপনা পরিচালক (ওয়েলফেয়ার ট্রাস্ট) |
| ১৫. | তত্বাবধায়ক/ধর্মীয় শিক্ষক এর বেতন উন্নিতকরণ বিষয়ে আলোচনা | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরাধীন তত্বাবধায়ক/ধর্মীয় শিক্ষকের বেতন স্কেল উন্নিতকরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; | পরিচালক (প্রশাঃ ও অর্থ) |
| ১৬. | ডুবুরিদের সম্মানী ভাতা | এ বিভাগের সকল ডুবুরিগণ অপারেশনাল কাজে অবস্থানকালীন সময়ে তাদের সম্মানী ভাতা প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা এবং পুরাতন জেলায় কমপক্ষে ৪জন ডুবুরি পোস্টিং দিতে হবে; | পরিচালক (সকল) ও ব্যবস্থাপনা পরিচালক (ওয়েলফেয়ার ট্রাস্ট) |
| ১৭. | স্মৃতিস্তম্ভ তৈরীর বিষয়ে আলোচনা | চট্টগ্রাম বিভাগের সীতাকুন্ডু উপজেলাধীন কুমিরা ফায়ার স্টেশনাধীন বিএম কন্টেইনার ডিপোতে সংগঠিত অগ্নিকান্ডে সাহাদাত বরণকারীদের স্মরণে সীতাকুন্ডু ও কুমিরা ফায়ার স্টেশনে স্মৃতিস্তম্ভ নির্মাণের উদ্যোগ নিতে হবে; | পরিচালক (পঃ উঃ প্রঃ) |
| ১৮. | প্রশিক্ষণ কেন্দ্র চালুকরণ বিষয়ে আলোচনা | খুলনা বিভাগীয় ট্রেনিং সেন্টার এর অভ্যন্তরে খালি জমিতে মাটি ভরাট দিয়ে আগামী ছয় মাসের মধ্যে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে; | পরিচালক (পঃ উঃ প্রঃ) |
| ১৯. | কম্বল বিতরণ | এ অধিদপ্তরাধীন প্রত্যেক ফায়ার স্টেশনে ৫টি করে কম্বল বিতরণ এবং স্টেশনে সর্বকনিষ্ঠ ফায়ারফাইটার অগ্রাধিকারভিত্তিতে প্রাপ্য হবে; | পরিচালক (প্রশাঃ ও অর্থ) ও সহকারী পরিচালক (ক্রয় ও স্টোর) |
| ২০. | ফায়ারফাইটার নিয়োগ | আগামী নিয়োগে মহিলা ফায়ারফাইটার নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; | পরিচালক (প্রশাঃ ও অর্থ) |
| ২১. | ক্যান্টিন স্থাপন | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের অভ্যন্তরে দুইতলা বিশিষ্ট একটি কেন্টিন স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; | পরিচালক (পঃ উঃ প্রঃ) |
| ২২ | রেজিস্টার লিপিবদ্ধকরণ প্রসঙ্গে | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরাধীন সকল দপ্তর/স্টেশনের সকল কর্মকর্তা ও কর্মচারীদের অফিস সময়ের পরে যেকোন ব্যক্তি (সহকারী পরিচলক হতে তদনিম্ন পর্যায়ে) অফিসের বাইরে গমনাগমনের ক্ষেত্রে কারণ উল্লেখ করে রেজিস্টার লিপিবদ্ধ করতে হবে; | পরিচালক (সকল) |
| ২৩ | পরিচয়পত্র সাথে রাখা প্রসঙ্গে | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে প্রবেশ করতে হলে আইডি কার্ড সাথে রাখতে হবে এবং ঠিকাদারগণ প্রশাসনিক ভবন ব্যতিত অন্য কোথায় প্রবেশ করতে পারবেন না; | পরিচালক (সকল) |
| ২৪. | আউট সোসিং কর্মচারী | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরাধীন যেসকল দপ্তর/স্টেশনে ইমাম/আউটসোর্সিং/দৈনিক ভিত্তিক কর্মচারী কর্মরত আছে তাদের প্রত্যেকের জাতীয় পরিচয়পত্র সংশ্লিষ্ট দপ্তর/স্টেশনে জমা দিতে হবে; | পরিচালক (সকল) |

০২। সভায় অন্য কোন আলোচনা না থাকায় অধিদপ্তর কর্তৃক গ্রহণকৃত বিভিন্ন কার্যক্রম সফলভাবে সম্পন্নকরণের লক্ষ্যে আন্তরিকতা বজায় রেখে সবাইকে ঐক্যবদ্ধ হয়ে কার্যক্রম পরিচালনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

০৭/০৭/২০২৩

ব্রিগেডিয়ার জেনারেল
মোঃ মাইন উদ্দিন, বিএসপি (বার), এনডিসি, পিএসসি, জি, এমফিল
মহাপরিচালক।

স্মারক নং- ৫৮.০৩.০০০০.০০২.০৬.০০২.১৬(পার্ট-৩) ২০৫ (৮০০) তারিখ: ১৯/০৯/১৪২৯ বঙ্গাব্দ। ০৩/০১/২০২৩ খ্রিস্টাব্দ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

১. পরিচালক (প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/পঃ উঃ প্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২. প্রকল্প পরিচালক (১১ মডার্ন/ডুবুরি ইউনিট প্রকল্প), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক, ফায়ার সার্ভিস ওয়েলফেয়ার ট্রাস্ট, অধিদপ্তর, ঢাকা।
৪. উপপরিচালক (প্রশাঃ ও অর্থ/পরিকল্পনা কোষ/অ্যাম্বুলেন্স/উন্নয়ন/অপারেশন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৫. উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
৬. অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৭. সহকারী পরিচালক (প্রশাঃ ও অর্থ/ক্রয় ও স্টোর/অপারেশন/ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন/পরিকল্পনা/উন্নয়ন/প্রশিক্ষণ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৮. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ................................................(সকল)।
৯. সহকারী রক্ষণাবেক্ষন প্রকৌশলী, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১০. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,................................................(সকল)।
১১. সহকারী যোগাযোগ প্রকৌশলী (বেতার), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১২. ফোরম্যান, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৩. সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য
১৪. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, জোন- ১/ ২/ ৩/ ৪/ ৫/ ৬/ ৭/ ৮/ ৯।
১৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, মিডিয়া সেল/আইসিটি সেল/রিফর্ম সেল/পরিকল্পনা।
১৭. এমটিও, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৮. সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ........................................(সকল)।
১৯. সুপার/সেকশন ইনচার্জ............................................................., ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা
২০. এ অধিদপ্তরের গার্ড ফাইল/হিসাব/বাসাবরাদ্দ/নিয়োগ/বদলি/বিভাগীয় কল্যাণ তহবিল/আইসিটি সেল/রেকর্ড/এইচআরএম/ডাটাএন্ট্রি/এসিআর/ট্রেনিং/ছুটি/তদন্ত/অপারেশন/রেশন/পেনশন/ফায়ার সার্ভিস ওয়েলফেয়ার ট্রাস্ট/বৈদেশিক ক্রয়/ ক্রয় ও স্টোর/পত্র গ্রহণ ও বিতরণ/ ওয়্যারহাউজ/ অ্যাম্বুলেন্স/উন্নয়ন/ফায়ার এণ্ড সেফটি সেল/নারী কল্যাণ শাখা।

01/01/23

লে: কর্নেল মোঃ রেজাউল করিম, পিএসসি, ইঞ্জিনিয়ার্স
পরিচালক (প্রঃ পঃ উঃ)
ও
পরিচালক (প্রশাসন ও অর্থ) (অঃ দাঃ)